কালের কণ্ঠ

তারিখ : 21 NOV 2017
পৃষ্ঠা ... ১৩ ... কলাম ... ১৫ ...

# শাবিপ্রবির ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

**শাবিপ্রবি প্রতিনিধি ▷**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। গতকাল সোমবার রাত সাড়ে ৮টার দিকে এ ফল প্রকাশ করা হয়। ভর্তি কমিটির সদস্যসচিব অধ্যাপক মহিবুল আলম বিষয়টি নিশ্চিত করেছেন।

অধ্যাপক মহিবুল আলম জানান, ভর্তি পরীক্ষার ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu/admission) থেকে জানা যাবে। এ ছাড়া শিক্ষার্থীরা যেকোনো মোবাইল অপারেটর থেকে (SUST< space >RESULT< space >Exam-Roll ) ৬৯৬৯ নম্বরে খুদে বার্তা (এসএমএস) পাঠিয়েও ফল জানতে পারবেন। শিগগিরই ভর্তির তারিখ ঘোষণা করা হবে বলেও জানান তিনি।

উল্লেখ্য, গত শনিবার সকাল সাড়ে ৯টায় 'এ' এবং দুপুর আড়াইটায় 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা হয়।